গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.০০০.৫১৪.০২.০০০১.২৪.৯৩

তারিখ: ৩ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
১৭ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: **জেলাপ্রশাসক সম্মেলন ২০২৫-এর উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধান উপদেষ্টা কর্তৃক প্রদত্ত নির্দেশনা।**

জেলাপ্রশাসক সম্মেলন ২০২৫-এর উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধান উপদেষ্টা জেলা প্রশাসক ও কমিশনারদের নিম্নোক্ত বিষয়সমূহের প্রতি বিশেষভাবে গুরুত্ব দেওয়ার জন্য দিকনির্দেশনা প্রদান করেন:

ক) স্তুতিবাক্য পরিহারপূর্বক মূল কাজে মনোনিবেশ;
খ) সমন্বয়জনিত সমস্যা থাকলে তা সমাধানপূর্বক বাস্তবায়ন;
গ) নারী, শিশু ও সংখ্যালঘুদের অধিকার নিশ্চিতকরণ;
ঘ) দ্রব্যমূল্য নিয়ন্ত্রণসহ সকল ভালো কাজে প্রতিযোগিতা;
ঙ) দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নয়নসহ জনগণের সেবাপ্রাপ্তির ক্ষেত্রে কার্যকর পদক্ষেপ গ্রহণ;
চ) নিজস্ব সৃজনশীলতা দিয়ে নিজেকে প্রকাশ;
ছ) দুর্নীতি ছাড়াই জনগণের জন্য নিবন্ধন, পাসপোর্ট, এনআইডি সেবাপ্রাপ্তি নিশ্চিতকরণ;
জ) পাসপোর্টের ক্ষেত্রে পুলিশ ভেরিফিকেশন রহিতকরণের বিষয়ে জনগণের মধ্যে প্রচার;
ঝ) জমি রেজিস্ট্রি, অনলাইনে খাজনা দেওয়ার সমস্যাসমূহ চিহ্নিত করে জনগণকে সেবাগুলি সহজে দেওয়ার ব্যবস্থা গ্রহণ;
ঞ) ডিজিটাইসড সেবাসমূহ অফলাইনের পরিবর্তে অনলাইনে প্রদানের ব্যবস্থা;
ট) ভয়ভীতির উর্ধ্বে থেকে আইন মেনে কর্মসম্পাদন; এবং
ঠ) প্রাথমিক শিক্ষার উন্নতির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

২। এমতাবস্থায়, মাননীয় প্রধান উপদেষ্টার দিকনির্দেশনাসমূহ বিশেষ গুরুত্ব প্রদানপূর্বক প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রংপুর
পত্র প্রাপ্তি নং........ তাং ২৮/৩/২৫
সাধারণ শাখা | তথ্য ও অভিযোগ শাখা
নেজারত শাখা | প্রবাসী কল্যাণ শাখা

১৭-০৩-২০২৫
মোঃ মামুন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর
(সাধারণ শাখা)
www.rangpur.gov.bd

স্মারক নম্বর: ০৫.৫৫.৮৫০০.০০৬.০১৫.২৫. ৬৮২

তারিখ: ০৪ জ্যৈষ্ঠ ১৪৩২
১৮ মে ২০২৫

অনুলিপি অবগতি ও বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৮/০৫/২৫
কাউছার আহমেদ
সহকারী কমিশনার
জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর।
ফোন-০২৫৮৯৯৬১০৫১

------------------------------

-----------------------, রংপুর